তাং 23 APR 2016
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ

### বাহাদুরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়

# পানির ব্যবস্থা না থাকায় শিক্ষার্থীরা চরম দুর্ভোগে

প্রতিনিধি, ত্রিশাল (ময়মনসিংহ)

ময়মনসিংহের ত্রিশাল উপজেলার বালিপাড়া ইউনিয়নের বাহাদুরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পানির ব্যবস্থা না থাকায় স্কুলের শিক্ষক শিক্ষিকা ও বিদ্যালয়ে অধ্যায়নরত শিক্ষার্থীদের চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে। নবাগত উপজেলা নির্বাহী কর্মকর্তা আবু জাফর রিপন বিদ্যালয়টি পরিদর্শন করতে গিয়ে পানির এমন অব্যবস্থাপনা দেখে ক্ষোভ প্রকাশ করেছেন। তিনি অবিলম্বে যাদের কারণে বিদ্যালয়টিতে পানি নেই তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার নির্দেশ দিয়েছেন।

জানা যায়-২০১৪ সালে বাহাদুরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জন্য জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর হতে ৭ লাখ টাকা ব্যয়ে একটি আধুনিক ডাবল ওয়াশ ব্লক নির্মাণ করা হয় যার কাজ ২০১৪ সালের ১৫ জুন শেষ হয়। ওয়াশ ব্লকের নির্মাণ কাজ করেন জিমি এন্টারপ্রাইজ নামে ফুলবাড়ীয়া উপজেলার একটি ঠিকাদারি প্রতিষ্ঠান। বিদ্যালয় কর্তৃপক্ষ জানান ওয়াশ ব্লক টি নির্মাণ করলেও পানির মর্টার সংযোগ না দেয়ায় ওয়াশ ব্লকটি আজো অকেজো হয়ে আছে, যা এখন ব্যবহারের অনুপযোগী।

জনস্বাস্থ্য অধিদপ্তর ত্রিশালের ব্যবস্থাপনায় কিছুদিন আগে বিদ্যালয়টিতে ৮৫ হাজার টাকা ব্যয়ে একটি টিউবওয়েল বসানো হয়। টিউবওয়েলটি বসানোর কিছুদিনের মাথায় তা অকেজো হয়ে যায়।

বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা মাহবুবা বিলকিছ জানান-টিউবওয়েলের মান এতো খারাপ ছিল যে কিছুদিন যেতে না যেতেই টিউবওয়েলটিও অকেজো হয়ে যায়। তিনি বলেন বিদ্যালয় হতে প্রায়/৫শ গজ দূরে একটি ডিপটিউবওয়েল রয়েছে তা ছাড়লে আমরা সেই ডিপটিউবওয়েল থেকে পানি এনে আমাদের ও আমাদের বিদ্যালয়ের ছোট ছোট ছেলে মেয়েদের পানি খেতে হয় এবং ব্যবহার করতে হয়। এত দূর থেকে পানি এনে তা ব্যবহার করতে হচ্ছে এতে এখন আমাদের চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে।

এ ব্যাপারে উপজেলা ইঞ্জিনিয়ার অফিসের উপসহকার প্রকৌশলী আব্দুল্লাহ আল মামুন বলেন-আমার জানামতে বিদ্যালয়টিতে ওয়াশ ব্লক ও মাঠে টিউবওয়েল থাকায় নতুন যে ভবন হচ্ছে তাতে পানির ব্যবস্থার ইস্টিমেট করা হয়নি। ভবনের কাজ অত্যন্ত ভালো মানের হয়েছে। নতুন ওয়াশ ব্লক অকেজো থাকা অত্যান্ত দুঃখজনক।

এ ব্যাপারে ত্রিশাল উপজেলা জন স্বাস্থ্য প্রকৌশল অফিসে যোগাযোগ করা হলে দায়িত্বপ্রাপ্ত উপসহকারী প্রকৌশলী রহিদুদজামানকে না পাওয়া গেলেও অফিস সহকারী মুঞ্জুরুল হক জানান- কোন কারণে হয়তো নষ্ট হয়ে আছে আমরা তা দেখবো। এ ব্যাপারে উপজেলা শিক্ষা কর্মকর্তা সৈয়দ আহমেদ জানান-শুধু বাহাদুরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নয়, আরো অনেকগুলো বিদ্যালয়ে এই ওয়াশ ব্লক অকেজো হয়ে আছে, বিদ্যালয়গুলোতে বসানো টিউবওয়েলগুলো ও অকেজো হয়ে আছে। আমরা বার বার তাগিদ দেয়ার পর ও তার কোন সুরাহা পাচ্ছি না।